

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৬ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ/৩১ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

নথর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৫.১৯৮—কবি শহীদ কাদরী গত ২৮ আগস্ট ২০১৬  
তারিখে মৃত্যুবরণ করেন (ইন্মালিল্লাহে.....রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর।

২। কবি শহীদ কাদরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও তাঁর বিদেহী আমার মাগফেরাত কামনা  
করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার  
১৪ ভাদ্র ১৪২৩/২৯ আগস্ট ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৪৮৮৭ )  
মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

**১৪ ভাদ্র ১৪২৩**  
ঢাকা: **২৯ আগস্ট ২০১৬**

কবি শহীদ কাদরী গত ২৮ আগস্ট ২০১৬ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্মালিল্লাহে ...  
রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৪ বছর।

কবি শহীদ কাদরী ১৯৪২ সালে ১৪ আগস্ট তারিখে কলকাতায় জন্মগ্রহণ করেন।  
দেশভাগের পর তাঁর পরিবার স্থায়ীভাবে ঢাকায় চলে আসে।

আধুনিক নাগরিক জীবনের প্রাত্যক্ষিক ঘন্টণা ও ক্লাস্টির অভিজ্ঞতাকে কবিতায় রূপ  
দিয়েছেন তিনি। ভাষা, ভঙ্গি ও বক্তব্যের তীক্ষ্ণ শান্তিত রূপ তাঁর কবিতাকে বৈশিষ্ট্যময় করে  
তুলেছে। শহর ও সভ্যতার বিকারকে তিনি তাঁর কাব্যে সুনিপুণভাবে ব্যবহার করেছেন। তাঁর  
কবিতায় যেমন প্রেম ও দ্রোহের কথা উঠে এসেছে, ঠিক তেমনি মুক্তির কথা, সংগ্রামের  
কথা ও প্রবলভাবে উচ্চারিত হয়েছে। শহীদ কাদরী সারা জীবন অসাম্প্রদায়িক চিন্তা-চেতনার  
কথা বলেছেন। ‘উত্তরাধিকার’, ‘তোমাকে অভিবাদন প্রিয়তমা’, ‘কোথাও কোন ক্রন্দন নেই’,  
‘আমার চুম্বনগুলো পৌছে দাও’-এ অনন্যসাধারণ কাব্যগ্রন্থগুলোর মাধ্যমে সমৃদ্ধ করেছেন  
তিনি আধুনিক বাংলা কবিতার সম্মতি।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি ছিল তাঁর গভীর শ্রদ্ধা। ‘হত্তারকদের  
প্রতি’ শীর্ষক কবিতার মাধ্যমে তিনি তাঁর ভাষায় বঙ্গবন্ধু হত্যাকাড়ের প্রতিবাদ ও নিন্দা  
করেন।

বাংলা সাহিত্যের ক্ষেত্রে তাঁর বিশেষ অবদানের স্থানীয় রূপ তাঁকে ১৯৭৩ সালে  
‘বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার’ এবং ২০১১ সালে ‘একুশে পদক’-এ ভূষিত করা হয়।

মন্ত্রিসভা কবি শহীদ কাদরীর মৃত্যুতে গভীর শোক প্রকাশ এবং তাঁর বিদেহী আত্মার  
মাগফেরাত কামনা করছে। মন্ত্রিসভা তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি জানাচ্ছে  
গভীর সমবেদনা।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)